

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

ঢাকা।

[মূল্য সংযোজন কর]

আদেশ

তারিখঃ ১৭ গোষ্ঠী, ১৪২৫ বঙ্গাব্দ/৩১ ডিসেম্বর, ২০১৮ খ্রিস্টাব্দ

সাধারণ আদেশ নং- ১৬/মুসক/২০১৮—বিড়ির ওপর প্রদেয় কর আদায় ও বিড়ির প্যাকেটে ব্যান্ডরোল ব্যবহার পদ্ধতি বিধিমালা, ২০১১ এর বিধি ৪ এর উপ-বিধি (৩) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত পোস্ট অফিসের মাধ্যমে প্রচলিত পদ্ধায় বিড়ির ব্যান্ডরোল সরবরাহ চলমান রাখার পাশাপাশি ইতোপূর্বে জারীকৃত সাধারণ আদেশ নং- ০৮/মুসক/২০১৮, তারিখঃ ০৭ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ এতদ্বারা পুনঃপ্রচলন করিল। ফলে কোন একটি বিড়ি উৎপাদনকারী প্রতিষ্ঠান পোস্ট অফিস অথবা দি সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশন (বাংলাদেশ) লিঃ, গাজীপুর নামীয় প্রতিষ্ঠানসময়ের যেকোন একটি প্রতিষ্ঠান হইতে বিড়ির ব্যান্ডরোল সংগ্রহ করিতে পারিবে।

০২। মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ৩৮ এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড এই আদেশ জারি করিল এবং ইতোপূর্বে ২৭ ভাদ্র, ১৪২৫ বঙ্গাব্দ মোতাবেক ১১ সেপ্টেম্বর, ২০১৮ খ্রিস্টাব্দ তারিখে জারীকৃত সাধারণ আদেশ নং- ১৫/মুসক/২০১৮ এতদ্বারা রহিত করিল।

০৩। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

হাছান মুহম্মদ তারেক রিকাবদার
প্রথম সচিব (মুসক নীতি)

প্রাপকঃ উপ-পরিচালক

বাংলাদেশ সরকারি মুদ্রণালয়,
তেজগাঁও, ঢাকা।

(তাকে উল্লিখিত আদেশ এর ৫০০ (পাঁচশত) গেজেট কপি মুদ্রণ ও মুদ্রিত কপি সরাসরি জাতীয় রাজস্ব বোর্ডে সরবরাহ করার নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)

নথি নং- ০৮.০১.০০০০.০৬৮.২৪.০০৩.১৭/৮১২ (১১)

তারিখঃ ১৭ ডিসেম্বর, ২০১৮ খ্রিস্টাব্দ।

অনুলিপি অনুবাদিত ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ (জেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সচিব, ঢাক ও টেলিযোগাযোগ বিভাগ, ঢাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
- ২। মহাপরিচালক, দি সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশন (বাংলাদেশ) লিঃ, গাজীপুর।
- ৩। প্রেসিডেন্ট, আপীলাত ট্রাইব্যুনাল (কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট), জীবন বীমা ভবন, দিলকুশা বা/এ, ঢাকা।
- ৪-৭। সদস্য (শুল্ক নীতি)/ সদস্য (মুসক নীতি)/ সদস্য (মুসক বাস্তবায়ন)/ (মুসক নিরীক্ষা ও গোয়েন্দা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৮-১৯। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ ঢাকা (দক্ষিণ)/ ঢাকা (পূর্ব)/ ঢাকা(পশ্চিম)/ চট্টগ্রাম/ কুমিল্লা/খুলনা/যশোর/রাজশাহী/রংপুর/সিলেট/বৃহৎ করদাতা ইউনিট (মুসক), ঢাকা।
- ২০-২৫। কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম/ঢাকা/আইসিডি, কমলাপুর/মংলা/বেনাপোল/পানগাঁও।
- ২৬-২৯। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও মুসক (আপীল) কমিশনারেট, ঢাকা-১/ ঢাকা-২/ চট্টগ্রাম/ খুলনা।
- ৩০। মহাপরিচালক, শুল্ক নিরীক্ষা গোয়েন্দা ও তদত্ত অধিদপ্তর, ১২৭ বড়মগবাজার, ঢাকা।
- ৩১। ~~মহাপরিচালক~~, শুল্ক নিরীক্ষা গোয়েন্দা ও প্রত্যর্পণ পরিদপ্তর, চিটাগাং সমিতি ভবন, তোপখানা রোড, ঢাকা।
- ৩২। ~~সিস্টেমস ম্যানেজার~~, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (ওয়েব সাইটে আপলোডকরণ সহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৩৩। প্রথম সচিব (মুসক) (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৩৪। প্রথম সচিব (শুল্ক: নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৩৫-৩৬। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ বিড়ি শিল্প মালিক সমিতি, ঢাকা।
- ৩৭। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৩৮। দ্বিতীয় সচিব (মুসক-বাস্তবায়ন পণ্য), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

২০১৮/১১/১৮
Fana
০১/১১/২০

দ্বিতীয় সচিব (মুসক আইন ও বিধি)